

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>

নির্ভুল নিবন্ধন একবার
বিড়ম্বনা নয় বারবার।

স্মারক নং: স্থাসবি/জমূনিপ্র/প্রপকা/তদত্ত-৯৫/২০১৪- ৩২৩

তারিখ: ১১-৭-১৪২২
২৬-১০-২০১৫

বিষয়: যথাযথাবে যাচাই বাছাই না করে জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধনের আবেদন অগ্রায়ন করা প্রসঙ্গে।

- সূত্র (১) এ অফিসের ৫-৮-২০১৫ তারিখের স্মারক নং- উপানুষ্ঠানিক পত্র নং-স্থাসবি/জমূনিপ্র/প্রপকা/প্রশাসন-২৫/২০১৪-২৪৭।
(২) এ অফিসের ১০-১০-২০১৫ তারিখের স্মারক নং-স্থাসবি/জমূনিপ্র/প্রপকা/প্রশাসন-২৫/২০১৪-৩১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তাঁর আওতাধীন ফরিদগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে প্রাপ্ত এতদসংলগ্ন জন্ম তথ্য সংশোধনের আবেদনপত্রটির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। নির্ধারিত ছক-এ আবেদন পত্রটি পর্যালোচনায় দেখা যায় যে, আবেদন পত্রে নিয়মানুযায়ী আবেদনকারীর স্বাক্ষর, অথরাইজড পারসনের স্বাক্ষর, সীল ও ফোন নম্বর এবং নিবন্ধকের স্বাক্ষর, সীল ও ফোন নম্বর থাকার কথা। কিন্তু উক্ত আবেদন পত্রে আবেদনকারী, অথরাইজড পারসন, নিবন্ধক কাহারও স্বাক্ষর, সীল ইত্যাদি কিছুই না থাকার পরও উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ জনাব জয়নাল আবদিন এসব উপেক্ষা করে আবেদনপত্র অগ্রায়ন করেছেন (কপি সংযুক্ত)।

প্রসঙ্গত উল্লেখ্য, এধরণের অসম্পূর্ণ আবেদনপত্র যেন বিনা পরীক্ষা এবং যাচাই-বাছাই ব্যতিরেকে কোন উপজেলা নির্বাহী অফিসার বা উপ-পরিচালক স্থানীয় সরকার এ অফিসে প্রেরণ না করেন সে বিষয়ে আরও যত্নবান হওয়ার জন্য সকল জেলা প্রশাসককে ইতোপূর্বে সূত্রোক্ত আধাসরকারী পত্র এবং স্মারকের মাধ্যমে একাধিকবার অনুরোধ করা হলেও (কপি সংযুক্ত) অদ্যাবধি এ ধরণের অসম্পূর্ণ আবেদনপত্র প্রতিনিয়ত এ অফিসে আসছে। উপজেলা নির্বাহী অফিসার বা উপ পরিচালক স্থানীয় সরকার এর ন্যায় বাংলাদেশ সিভিল সার্ভিসের মাঠ পর্যায়ের সিনিয়র সদস্যদের নিকট থেকে ইহা মোটেও কাম্য নহে।

উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে জন্ম সনদ বিশেষ করে জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে সংশোধিত নির্ধারিত ছক-এ প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদি এবং সংশোধনীর বিষয় যাচাই/বাছাই অস্ত্রে সুস্পষ্ট মতামত/সুপারিশসহ অগ্রায়ন করার বিষয়ে তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে পরামর্শ দেয়ার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) ফর্দ।


জেলা প্রশাসক
চাঁদপুর।

অবগতি ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপ পরিচালক স্থানীয় সরকার (সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।


(শেখ মুজিবুর রহমান এনডিসি)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
e-mail: onlinebris@gmail.com



শেখ মুজিবুর রহমান এনডিসি
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
কেন্দ্রীয় পরিবহন পুল ভবন,
কক্ষ নং-৯০৮ ও ৯০৯, সচিবালয় লিংক রোড, ঢাকা
ফোন- ৯৫৫৬৬০৬
ফ্যাক্স- ৯৫৫২৩৮১
ই-মেইল- onlinebris@gmail.com

উপানুষ্ঠানিক পত্র নং-স্বাসবি/জমনিপ্র/প্রপকা/প্রশাসন-২৫/২০১৪-২৪৭

তারিখ: ২১-০৪-১৪২২
০৫-০৮-২০১৫

প্রিয় জেলা প্রশাসক,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ২০০১ সাল হতে হাতে লিখে জন্ম ও মৃত্যু নিবন্ধন এর কাজ শুরু করে ২০১০ সালের অক্টোবর মাস হতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কাজ অনলাইনে সম্পন্ন হচ্ছে। আপনি নিশ্চয়ই জানেন যে, বর্তমানে ১৭টি ক্ষেত্রে জন্ম নিবন্ধন এবং ৪টি ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। বর্তমানে জন্ম ও মৃত্যু নিবন্ধন এর কাজটি সম্পূর্ণ ইন্টারনেটনির্ভর। আজ পর্যন্ত ১৩ কোটি ৪৬ লক্ষের অধিক অনলাইনে জন্ম নিবন্ধন সম্পন্ন হয়েছে।

অপরদিকে, পূর্বের হাতে লেখা জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটার অনেকগুলো ইতোমধ্যে অনলাইনে এন্ট্রি হয়েছে। ইতোপূর্বে সকল নিবন্ধক কর্তৃক হাতে লেখা এ সনদ প্রস্তুতির সময়ে তথ্যের সঠিকতা তেমন যাচাই বাছাই করা হয়নি। পরিণতিতে, অনেক ত্রুটিযুক্ত নিবন্ধন সনদ ইস্যু হয়েছে। প্রায় ক্ষেত্রেই তথ্যদাতা যত্নসহকারে ও দায়িত্বশীলতার সঙ্গে তথ্য দেয়নি। আবার হাতে লেখা ডাটা ইন্টারনেটে অনলাইনভুক্তির সময়ও অনেক বিচ্যুতি হয়েছে। এসব প্রক্রিয়ায় ইউনিয়ন পরিষদের সচিব, উদ্যোক্তা এবং পৌরসভার ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জড়িত ছিলেন। তাদের অনেকেই তেমন শিক্ষিত এবং তথ্য প্রযুক্তির প্রশিক্ষণপ্রাপ্ত ছিলেন না। ফলে এ প্রক্রিয়ায় অনেক ভুলত্রুটি সংগঠিত হয়েছে। এ ভুলত্রুটি সংশোধনের বিধান রয়েছে। নির্ধারিত আবেদন ফরমে কীভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে সে বিষয়ও উল্লেখ আছে। মাঠ পর্যায় থেকে প্রতিদিন সঠিকভাবে যাচাই-বাছাই ব্যতিরেকে প্রায় ১৫০-২০০টি আবেদনপত্র এ কার্যালয়ে আসছে। স্বল্প পরিসরের এ প্রকল্প অফিসের মাত্র গুটিকয়েকজন জনবল দিয়ে নিষ্পত্তি করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে।

অধিকত্ব, অধিকাংশ সংশোধনীর আবেদনপত্রে তথ্য বিভ্রাট থাকে এবং অনেক ক্ষেত্রেই প্রয়োজনীয় সংযোজনী থাকে না। জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে পূর্বের জন্ম তারিখের প্রমাণিক হিসেবে এসএসসি, জেএসসি, পিএসসি, জাতীয় পরিচয়পত্র, ইপিআই কার্ড এবং পাসপোর্ট প্রভৃতির মূলকপির সত্যায়িত ফটোকপি থাকা আবশ্যিক। কিন্তু প্রায় ক্ষেত্রেই এগুলো সংযুক্ত থাকে না। আবার সংশোধনের আবেদনপত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর থাকা দরকার। পৌরসভার ক্ষেত্রে সংশোধনের আবেদনে পৌরসভার মেয়রের স্বাক্ষর, উপ-পরিচালক, স্থানীয় সরকার এর প্রতিস্বাক্ষর থাকা বাঞ্ছনীয়। কিন্তু অনেক ক্ষেত্রেই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং পৌরসভার মেয়রের স্বাক্ষর থাকে না। অনেক ক্ষেত্রেই উহা সঠিকভাবে যাচাই-বাছাই না করেই শুধু প্রতিস্বাক্ষরকারীর স্বাক্ষরে আবেদনপত্র এ অফিসে আসে। প্রতিস্বাক্ষরকারীগণ (উপ-পরিচালক, স্থানীয় সরকার/উপজেলা নির্বাহী অফিসার) যাচাই-বাছাই করে প্রতিস্বাক্ষর করলে এ সংশোধন আবেদনপত্রের সংখ্যা উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে বলে আমি বিশ্বাস করি। এব্যাপারে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ প্রত্যাশা করছি।

আপনি মাসিক সমন্বয় সভাসহ বিভিন্ন আলোচনা সভায় এ বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার, এবং উপজেলা নির্বাহী অফিসারদেরকে বিশেষ দিক নির্দেশনা দিতে পারেন। এর ফলে তাঁরা সংশোধনীর আবেদনপত্রে প্রতি স্বাক্ষরের ক্ষেত্রে অধিকতর সচেতন ও যত্নবান হবেন। অনুরূপভাবে, আপনার আওতাধীন উপ-পরিচালক, স্থানীয় সরকার এবং উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের নিজ নিজ অধীক্ষেত্রের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব এবং পৌরসভার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের নিবন্ধনের কাজে যত্নবান হবার দিক নির্দেশনা দিতে পারেন। এ সকল বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

শেখ মুজিবুর রহমান এনডিসি

প্রশাসনিক সহকারী

(শেখ মুজিবুর রহমান এনডিসি)

প্রাপক:

জেলা প্রশাসক (সকল)

জন্ম নিবন্ধন সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: br.lgd.gov.bd

নির্ভুল নিবন্ধন একবার
বিড়ম্বনা নয় বারবার

স্মারক নং: স্থাসবি/জমনিপ্র/ প্রপকা/প্রশাসন-২৫/২০১৪-২৪৭-১৩১০

তারিখ: ২৮-০৬-১৪২২
১৩-১০-২০১৫

বিষয় : যথাযথভাবে যাচাই বাছাই না করে জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধনের আবেদন অগ্রায়ন করা প্রসংগে

সূত্র : উপানুষ্ঠানিক পত্র নং স্থাসবি/জমনিপ্র/ প্রপকা/প্রশাসন-২৫/২০১৪-২৪৭ তাং ০৫-০৮-২০১৫

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জন্ম নিবন্ধন সনদের তথ্য বিশেষ করে জন্ম তারিখ সংশোধনের জন্য প্রাপ্ত আবেদনসমূহের সমর্থনে দাখিলকৃত প্রমাণকসমূহ যাচাই বাছাই অন্তে তা অগ্রায়ন করার জন্য সংশ্লিষ্ট ডিডিএলজি (উপপরিচালক, স্থানীয় সরকার) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ দেয়ার জন্য সকল জেলা প্রশাসককে সূত্রোক্ত উপানুষ্ঠানিক পত্রের মাধ্যমে অনুরোধ করা সত্ত্বেও কোন কোন ডিডিএলজি এবং উল্লেখযোগ্য সংখ্যক উপজেলা নির্বাহী অফিসার যাচাই বাছাই না করেই গণহারে জন্ম তারিখ সংশোধনের জন্য নির্ধারিত 'ছক'-এ আবেদনপত্রে সুপারিশ করে আসছেন। যার দরুন এ অফিসে প্রতিদিন গড়ে ১৫০-২০০টি জন্ম তারিখ সংশোধনীর দরখাস্ত পাওয়া যায় যা সীমিত কর্মকর্তা ও কর্মচারী দ্বারা নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনায় দেখা যায়, অনেক ক্ষেত্রেই আবেদনের সাথে জন্ম তারিখ সংশোধনের যৌক্তিকতার সমর্থনে গ্রহণযোগ্য প্রমাণক থাকে না। কখনো কখনো এমনও দেখা যায় যে, আবেদনকারী বা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান স্বাক্ষর করেননি অথবা পূর্বে ইস্যুকৃত জন্ম নিবন্ধন সনদে ইউপি চেয়ারম্যান এমনকি ইউপি সচিব কেও স্বাক্ষর না করে তাঁরা Facsimile Seal ব্যবহার করেছেন। তাছাড়া আবেদনকারীগণ অনেক ক্ষেত্রেই নির্ধারিত 'ছক'-এ আবেদনপত্রের সকল অংশ যথাযথভাবে পূরণও করেন না।

বর্ণিত অবস্থায়, জন্ম নিবন্ধন সনদের তথ্য বিশেষ করে জন্ম তারিখ সংশোধনের জন্য সংশোধিত 'ছক'-এ প্রাপ্ত আবেদনপত্রসমূহ যথাযথভাবে যাচাই বাছাইপূর্বক যৌক্তিকতা উল্লেখ করে সুপারিশসহ প্রতিস্বাক্ষরের জন্য ডিডিএলজি এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হল।

সংযুক্তঃ সংশোধিত 'ছক'

কার্যার্থে:

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে


১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (এপিডি)।

২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব।

৩. বিভাগীয় কমিশনার (সকল)


(শেখ মুজিবুর রহমান এনডিসি)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
ই-মেইল: onlinebris@gmail.com

৫৫৫


জন্ম তথ্য সংশোধনের আবেদন পত্র

বয়সকর,

জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
স্থানীয় কর্মকর্তার বিভাগ
পরিচয়পত্র প্রকল্প (কক্ষ নং ১০০৮)
সচিবালয়, জিলা রোড, ঢাকা-১০০০

২-৬৫
২৪/১১/১৯৮৬
AP

DPD



বিষয়: পাসপোর্ট/শিক্ষাগত সনদ / জাতীয় পরিচয়পত্র এর ভিত্তিতে জন্ম নিবন্ধন তথ্য সংশোধনের আবেদন।

জনাব,

আমার ক্ষেত্রে ক্ষেত্রে আমার জন্ম নিবন্ধন সম্পর্কিত হওয়ায় পাসপোর্ট/ শিক্ষাগত সনদ / জাতীয় পরিচয়পত্র এর সাথে জন্ম নিবন্ধন সনদের জন্ম তারিখ সঙ্গতিপূর্ণ হওয়ায় আমার জীবন পরিচালনা করার জন্য জন্ম নিবন্ধন সনদটির সংশোধন প্রয়োজন। এতদসঙ্গে আমার জন্ম নিবন্ধন সনদের পাসপোর্ট/শিক্ষাগত সনদ / জাতীয় পরিচয়পত্র এর অনুলিপি প্রেরণপূর্বক নিচে প্রয়োজনীয় তথ্যাদি দেয়া হলো।

জন্ম নিবন্ধন নম্বর:

19961314559003716

নিবন্ধনের তারিখ:

20/08/2009 ইং

সনদ প্রদানের তারিখ:

20/08/2009 ইং

বিবরণ	জন্ম সংশোধন প্রয়োজন ফেব্রুয়ারি ২০১৯ সালের বিপরীতে সনদ	সংশোধিত তথ্য	সংযুক্ত দলিলাদির বিবরণ
নাম (বাংলা)			৫৫৫৫৫৫
(ইংরেজি)			৫৫৫৫৫৫
পিতার নাম			
মাতার নাম			
জন্ম তারিখ	২৪/১১/১৯৮৬	০৫/০৮/১৯৮৬	
জন্ম স্থান			

ঘোষণা: আমি এখানে ঘোষণা করিতেছি যে উপরোক্ত তথ্য সত্য।

নিবন্ধক ব্যক্তির তথ্যাদি:

১। জন্ম ও মৃত্যু নিবন্ধন নম্বর:

২। আবেদনকারীর পরিচয়পত্রের উপর মন্তব্য:

নিবন্ধকের স্বাক্ষর, সীল ও ফোন নম্বর

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও নিবন্ধিত ব্যক্তির সাথে সম্পর্ক।

নাম: ৫৫৫৫৫৫
ঠিকানা: ৫৫৫৫৫৫
মোবাইল নম্বর: ০৭৮১৫১৬১৬০০

জন্ম নিবন্ধন আইন ১৯৮৯ এর ১০-ধারার বিধান মতে জন্ম নিবন্ধন সনদ সংশোধনের জন্য অনুমোদন করা হলো। কারিগরি সহযোগিতায় জন্ম নিবন্ধন পত্রটি সনদ প্রকল্পের কারিগরি বিভাগে প্রেরণ করা হলো।

স্বাক্ষর:

জেলা প্রশাসক/ উপ-পরিচালক/ উপজেলা নিকিহী অফিসারের
স্বাক্ষর, সীল ও ফোন নম্বর

৫৫৫৫৫৫
জন্ম নিবন্ধন সচিবালয়
জিলা রোড, ঢাকা-১০০০